

# আমার স্বাস্থ্যসেবা সংক্রান্ত অধিকারসমূহ

এটি হল  
অস্ট্রেলিয়ান  
চাটার অব  
হেলথকেয়ার  
রাইটস এর দ্বিতীয়  
সংস্করণ।

অস্ট্রেলিয়ার যেখানেই  
স্বাস্থ্যসেবা দেওয়া হোক না  
কেন সব জায়গায় সবার জন্য  
এই অধিকারসমূহ প্রযোজ্য।

আপনি কিংবা আপনি যার  
যত্ন নিচ্ছেন তিনি স্বাস্থ্যসেবা  
পাওয়ার সময় কী কী প্রত্যাশা  
করতে পারেন তা এই চাটারে  
বর্ণিত আছে।

## নিম্নলিখিত ক্ষেত্রে আমার অধিকার রয়েছেঃ

### স্বাস্থ্যসেবা পাওয়া

- আমার চাহিদা মেটাতে এমন স্বাস্থ্যসেবা এবং চিকিৎসা পাওয়া

### নিরাপত্তা

- জাতীয় মানদণ্ড অনুযায়ী নিরাপদ ও উচ্চমানের স্বাস্থ্যসেবা পাওয়া
- এমন একটি পরিবেশে স্বাস্থ্যসেবা পাওয়া যেখানে আমি নিরাপদ বোধ করি

### সম্মান

- একজন ব্যক্তি হিসেবে গণ্য করা এবং মর্যাদা ও সম্মানজনক আচরণ পাওয়া
- আমার সংস্কৃতি, পরিচয়, বিশ্বাস এবং পছন্দগুলোকে স্বীকৃতি দেওয়া এবং সেগুলোর প্রতি সম্মান দেখানো

### অংশীদারিত্ব

- প্রশ্ন জিজ্ঞাসা করা এবং খোলামেলা ও সততার সাথে আলোচনায় অংশ নেওয়া
- যতদূর সম্ভব আমার চাওয়া অনুযায়ী স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে মিলে সিদ্ধান্ত নেওয়া
- পরিকল্পনা এবং সিদ্ধান্ত গ্রহণে আমার পছন্দের লোকদের অন্তর্ভুক্ত করা

### তথ্য

- আমার শারীরিক অবস্থা, সম্ভাব্য সুবিধাদি এবং বিভিন্ন ধরনের পরীক্ষা ও চিকিৎসার ঝুঁকি সম্পর্কে পরিষ্কার তথ্য পাওয়া যাতে করে আমি চিন্তাভাবনা করে আমার সিদ্ধান্ত দিতে পারি।
- পরিষেবা, অপেক্ষার সময় এবং খরচ সম্পর্কে তথ্য পাওয়া
- স্বাস্থ্য সংক্রান্ত তথ্য যাতে আমি বুঝতে পারি এবং সেগুলো ব্যবহার করতে সুবিধা হয় সেজন্য প্রয়োজন অনুযায়ী সহযোগিতা পাওয়া
- আমার স্বাস্থ্য সম্পর্কিত তথ্যগুলো দেখার জন্য অনুরোধ করা
- আমাকে স্বাস্থ্যসেবা প্রদানের সময় কোনো জটিলতা হয়ে থাকলে সেটা কী, কিভাবে তা হয়েছিল, আমার উপর এর প্রভাব কী হতে পারে এবং সেবা প্রদানকে নিরাপদ করতে কী পদক্ষেপ নেওয়া হচ্ছে সে সম্পর্কে অবগত হওয়া

### গোপনীয়তা

- আমার ব্যক্তিগত গোপনীয়তাকে সম্মান দেখানো
- আমার এবং আমার স্বাস্থ্য সংক্রান্ত তথ্য নিরাপদ ও গোপনীয় রাখা

### মতামত জানানো

- আমার চিকিৎসা প্রক্রিয়াকে প্রভাবিত না করে মতামত কিংবা অভিযোগ প্রদান করা
- সময়মত স্বচ্ছতার সাথে আমার সমস্যাগুলোর সমাধান করা
- আমার অভিজ্ঞতা অন্যদের জানানো এবং চিকিৎসা ও স্বাস্থ্যসেবার মান উন্নয়নে অংশগ্রহণ করা

